ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১০৪
খোয়াই, ৪ আগস্ট, ২০২৫

**খোয়াই জেলায় চলতি অর্থবছরের এখন পর্যন্ত রেগায় ১৩,৩৪,৭৪৬ শ্রমদিবসের কাজ হয়েছে**

এমজিএন রেগায় খোয়াই জেলায় চলতি অর্থবছরের ৩১ জুলাই পর্যন্ত ১৩ লক্ষ ৩৪ হাজার ৭৪৬ শ্রমদিবসের কাজ হয়েছে। এরমধ্যে তেলিয়ামুড়া ব্লকে ২ লক্ষ ৯৪ হাজার ৩৬৩ শ্রমদিবস, তুলাশিখর ব্লকে ৩ লক্ষ ৩৩ হাজার ১৮ শ্রমদিবস, পদ্মবিল ব্লকে ১ লক্ষ ৫৯ হাজার ৬৭৬ শ্রমদিবস, খোয়াই ব্লকে ১ লক্ষ ৫৫ হাজার ২৪৮ শ্রমদিবস, মুঙ্গিয়াকামী ব্লকে ২ লক্ষ ৮৬ হাজার ১২১ শ্রমদিবস ও কল্যাণপুর ব্লকে ১ লক্ষ ৬ হাজার ৩২৩টি শ্রমদিবসের কাজ হয়েছে। এই কর্মসূচিতে কর্মসংস্থানের পাশাপাশি স্থায়ী সম্পদ সৃষ্টি করা হয়েছে। ব্যয় হয়েছে ৩১ কোটি ৪০ লক্ষ ৭৮ হাজার টাকা। খোয়াই জেলাশাসক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****